প্রজ্ঞাপন

**স্মারক নং:** ৩৬০/এফআরসি/প্রশা/আইন ও বিধি/২০২৬/১১০৫

**তারিখ:** ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

## ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর প্রতিরোধ নীতিমালা, ২০২৬

যেহেতু, নিরীক্ষা প্রতিবেদন ব্যাকডেটে স্বাক্ষর করা বা Backdated Sign একটি গুরুতর Professional Misconduct, যা নিরীক্ষা সংক্রান্ত আন্তর্জাতিক মান তথা International Standards on Auditing (ISA) এর সুস্পষ্ট লঙ্ঘন;

যেহেতু, নিরীক্ষা প্রতিবেদনে স্বাক্ষরের তারিখ উল্লেখ করা কোনো আনুষ্ঠানিকতা নয় বরং অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নিরীক্ষা প্রমাণক (Audit Evidence), যা প্রত্যেক নিরীক্ষকের জন্য অত্যন্ত সতর্কতার সহিত নির্ধারণ ও স্বাক্ষর করা আবশ্যক;

যেহেতু, নিরীক্ষা প্রতিবেদনে ব্যাকডেটে স্বাক্ষর সংক্রান্ত অসামঞ্জস্য রোধ এবং ISA এর সহিত সামঞ্জস্য বজায় রাখিবার লক্ষ্যে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর প্রতিরোধ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা সমীচীন; এবং

যেহেতু, অদ্যাবধি কোন নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কর্তৃক ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর সংক্রান্ত কোন ধরনের নির্দেশনা/গাইডলাইন/প্রজ্ঞাপন জারি করা হয় নাই এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ ও Bangladesh Chartered Accountants Order, 1973 (P. O. No. 2 of 1973) বা তদাধীন প্রণিত বিধি/প্রবিধান/নির্দেশনা/গাইডলাইন এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো নির্দেশনা বা বিধান বিদ্যমান নাই;

সেহেতু, ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৮ এ প্রদত্ত ক্ষমতা বলে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক ISA এর সহিত সামঞ্জস্য বজায় রাখিবার নিমিত্ত কোম্পানি আইন, ১৯৯৪ এবং ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক তৈরিকৃত Document Verification Systems (DVS) হইতে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করিয়া ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর প্রতিরোধ নীতিমালা, ২০২৬ নিম্নরূপ জারি করা হইল:

১. আর্থিক বিবরণীর পদটীকায় (Notes to the financial statements) কোম্পানির পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক আর্থিক বিবরণী অনুমোদনের তারিখ উল্লেখ থাকিবে;

২. আর্থিক বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখে পরিচালক বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হইবে;

৩. নিরীক্ষককে পরিচালক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার একই তারিখে নিরীক্ষা প্রতিবেদন ও আর্থিক বিবরণী স্বাক্ষর করিতে হইবে;

৪. নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন ও আর্থিক বিবরণী স্বাক্ষরের পাঁচ (০৫) দিনের মধ্যে Document Verification Code (DVC) গ্রহণ করিবে। কোন কারণে DVC গ্রহণ করিতে বিলম্ব হইলে পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে (DVC) গ্রহণ করিতে হইবে এবং বিলম্বের যথাযথ কারণ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) কে অবহিত করিবে;

৫. যদি কোন নিরীক্ষক ক্রমিক নং ০৪ এ উল্লিখিত মোট বিশ (৫+১৫=২০) দিনের মধ্যে DVC গ্রহণ করিতে ব্যর্থ হন, তবে এই নীতিমালার আলোকে উক্ত বিষয়টি 'ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর' হিসাবে গণ্য হইবে;

৬. ব্যাকডেটে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর একটি গুরুতর Professional Misconduct হিসাবে গণ্য হইবে এবং ব্যাকডেটে স্বাক্ষর বা ভুল তারিখ প্রদান করা বা স্বাক্ষর সংক্রান্ত অনিয়ম শনাক্ত হইলে সংশ্লিষ্ট নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে এফআরসি কর্তৃক আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে;



Parjatan Bhaban (8th Floor), Plot No. E-5 C/1, West Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207. Phone: +88 02 41024686, +88 02 41024674 Web: www.frc.gov.bd Email: admin@frc.gov.bd

৭. উল্লেখ্য, নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর প্রক্রিয়াটি সহজ ও স্বচ্ছ ভাবে সম্পন্ন করিবার জন্য নিরীক্ষক আর্থিক বিবরণী অনুমোদনকারী বোর্ড সভার কার্যবিবরণী (minutes) সংগ্রহ এবং নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষরের তারিখে Document Verification Code (DVC) গ্রহণ করিতে পারিবেন। নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষরের তারিখের যথার্থতা প্রমাণের নিমিত্ত উল্লিখিত তথ্যাদি প্রমাণক হিসাবে গণ্য হইবে।

৮. এই নীতিমালার ক্রমিক নং ০২ ও ০৩ প্রয়োগের ক্ষেত্রে কোম্পানি ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রচলিত আইন/বিধান মোতাবেক আর্থিক বিবরণী অনুমোদনকারীর সমপর্যায়/অনুরুপ কমিটি বা কর্তৃপক্ষ, তাহা যে নামেই অভিহিত হউক না কেন, এর অনুমোদন এবং পরিচালক/সমক্ষমতা সম্পন্ন ব্যক্তি, উহা যে নামেই অভিহিত হউক না কেন, এর স্বাক্ষর আবশ্যক হইবে।

এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

কাউন্সিলের পক্ষে

০৩/০৩/২০২৫

ড. মোঃ সাজ্জাদ হোসেন ভুইয়া
চেয়ারম্যান
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল